


পাঁচ শর্তে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য নিয়োগ

যুগান্তর প্রতিবেদন

২৮ আগস্ট ২০২৪, ০১:২৩ পিএম | অনলাইন সংস্করণ

10
Shares

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য নিয়োগ দিয়েছে সরকার। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক এ এস এম আমানুল্লাহ নতুন উপাচার্য হয়েছেন। বুধবার বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের অনুমোদনক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে তাকে নিয়োগ দেওয়া হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের প্রজ্ঞাপনে বলা হয়েছে, রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয় আইন অনুসারে অধ্যাপক এ এস এম আমানুল্লাহকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে ৫ শর্তে নিয়োগ দেওয়া হলো।

Advertisement

শর্তগুলো হলো—

- উপাচার্য পদে এ নিয়োগ যোগদানের তারিখ হতে ৪ বছর হবে;
- উপর্যুক্ত পদে তিনি তার বর্তমান পদের সমপরিমাণ বেতনভাতাদি প্রাপ্য হবেন;
- তিনি বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্য সুবিধা ভোগ করবেন;
- তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অবস্থান করবেন; এবং
- রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যেকোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

৫ আগস্ট ছাত্র-জনতার আন্দোলনের মুখে হাসিনা সরকারের পতনের পর বিশ্ববিদ্যালয় প্রশাসনে পরিবর্তনের হাওয়া লাগে। বাদ পড়েন জাতীয় বিশ্ববিদ্যালয়ের আগের ভিসি মশিউর।

অধ্যাপক এ এস এম আমানুল্লাহ বিশ্ববিদ্যালয়টির সদ্য পদত্যাগ করা উপাচার্য অধ্যাপক মশিউর রহমানের স্থলাভিষিক্ত হবেন।